# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : মাধ্য/পনি-৬৩/ তারিখ : ১৯-০৮-২০২৬ খ্রিঃ

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২৬ এর পুনঃনিরীক্ষণের জন্য উত্তরপত্র প্রেরণ সংক্রান্ত

এসএসসি পরীক্ষা-২০২৬ এর প্রধান পরীক্ষকগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা-২০২৬ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষনের জন্য পরীক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উত্তরপত্রের তালিকা বোর্ডের ওয়েবসাইটের **Latest Notice**-এ দেয়া হয়েছে।

| ক্রমিক | বিষয়ের নাম, কোড নং | উত্তরপত্র জমা দানের তারিখ |
|---|---|---|
| ০১ | ইংরেজি ১ম পত্র - ১০৭, ইংরেজি ২য়পত্র -১০৮ | ২০-০৮-২০২৬ (বৃহস্পতিবার) |
| ০২ | বাংলা ১ম পত্র -১০১, বাংলা ২য় পত্র-১০২, গণিত-১০৯, ভূগোল-১১০, ইসলাম ধর্ম-১১১, হিন্দুধর্ম-১১২, খৃস্টধর্ম-১১৪ | ২২-০৮-২০২৬ (শনিবার) |
| ০৩ | উচ্চতর গণিত-১২৬, বিজ্ঞান-১২৭, কৃষিশিক্ষা-১৩৪, পদার্থ বিজ্ঞান-১৩৬, রসায়ন-১৩৭ | ২৩-০৮-২০২৬ (রবিবার) |
| ০৪ | জীববিজ্ঞান-১৩৮, পৌরনীতি ও নাগরিকতা-১৪০, অর্থনীতি-১৪১, ব্যবসায় উদ্যোগ-১৪৩, হিসাব বিজ্ঞান-১৪৬, চারু ও কারুকলা-১৪৮, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১৫০, গার্হস্থ্য বিজ্ঞান-১৫১, ফিন্যান্স ও ব্যাংকিং-১৫২, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা-১৫৩, | ২৪-০৮-২০২৬ (সোমবার) |

উল্লিখিত ক্রমিকের উত্তরপত্রগুলো নির্ধারিত তারিখে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর দপ্তরে/মাধ্যমিক পরীক্ষা শাখায় নিজে উপস্থিত হয়ে অথবা উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**তালিকা প্রিন্ট প্রদ্ধতি :**

আপনার তালিকাটি প্রিন্ট করতে scan.jessoreboard.gov.bd/printlist ভিজিট করে আপনার বিষয় কোড এবং প্রধান পরীক্ষক কোড দিয়ে Print List বাটনে ক্লিক করুন।

**উত্তরপত্র যাচাই পদ্ধতি :**

আপনার বাছাইকৃত উত্তরপত্রটি সঠিক আছে কিনা তা যাচাই করার জন্য প্রিন্টকৃত তালিকা উত্তরপত্রের কভার পেজের নিচে সঠিকভাবে স্থাপন করে **"Script Pattern"**-এ উত্তরপত্রটি মিলিয়ে দেখুন অথবা **scan.jessoreboard.gov.bd** ভিজিট করে **Scan QR Code** বাটনে ক্লিক করে ক্যামেরা উত্তরপত্রের **QR** কোডের উপর ধরুন আপনার উত্তরপত্র সঠিক আছে কিনা তা বুঝতে পারবেন।

বি. দ্র.

১। উত্তরপত্র যাচাই পদ্ধতি অনুসরণ করে চাহিত সকল উত্তরপত্র ভালোভাবে মিলিয়ে ক্রমানুসারে সাজিয়ে জমা দিতে হবে।

২। কোনো উত্তরপত্রে ত্রুটি পরিলক্ষিত হলে ত্রুটির বিবরণ উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।

৩। উত্তরপত্রের প্রাপ্ত নম্বর কোনক্রমেই সংশোধন করা যাবে না।

৪। কোনো উত্তরপত্রের নম্বর পূর্বেই সংশাধন করা থাকলে নম্বরপত্রের কপিসহ সংশোধনের বিবরণ জমা দিতে হবে।

১৯-০৭-২০২৬
প্রফেসর এস. এম. হোসেন আলী
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান পরীক্ষকগণ
এসএসসি পরীক্ষা-২০২৬
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর